ভোরের কাগজ

JUN. 26 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃঃ ২ কলাম ৬

# অপটিক্যাল মার্ক রিডার ফর্ম সরবরাহের দরপত্রের রীতিতে পরিবর্তন এনেছে শিক্ষা মন্ত্রণালয়

**কাগজ প্রতিবেদক** : অবশেষে শিক্ষা মন্ত্রণালয় প্রায় দেড়শ কোটি টাকার ২৫ কোটি ২২ লাখ অপটিক্যাল মার্ক রিডার ফর্ম বা ওএমআর ফর্ম সরবরাহের আন্তর্জাতিক দরপত্র আহ্বানের নিয়ম রীতিতে পরিবর্তন এনেছে। গতকাল মঙ্গলবার একটি জাতীয় দৈনিকে সময় বর্ধিতকরণ শীর্ষক বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে মন্ত্রণালয় এই পরিবর্তন এনেছে। উল্লেখ্য, পূর্বের প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী গতকাল ২৫ জুন ছিল দরপত্র জমাদানের শেষ দিন।

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৪

## অপটিক্যাল মার্ক রিডার

● শেষের পাতার পর

মন্ত্রণালয় সূত্রে জানা যায়, নিয়মনীতি লঙ্ঘন করে গত ৯ জুন শিক্ষা মন্ত্রণালয় দৈনিক ইত্তেফাকে বিজ্ঞাপনের মাধ্যমে দরপত্র আহ্বান করলে বিষয়টি নিয়ে খোদ মন্ত্রণালয়ে তুমুল তোলপাড় শুরু হয়। এরপর এ বিষয়ে গত পরশু, ২৪ জুন ভোরের কাগজ-এ অন্য একটি জাতীয় দৈনিকে প্রতিবেদন প্রকাশিত হলে শিক্ষা মন্ত্রণালয় দরপত্রের শর্তে পরিবর্তন আনার সিদ্ধান্ত নেয়।

মন্ত্রণালয় প্রদত্ত গতকালের দরপত্রের বিজ্ঞপ্তিতে ওএম আর ফর্ম সরবরাহের সময়সীমা ৪৫দিন করা হয় এবং দরপত্র উত্তোলন ও জমাদানের স্থান মন্ত্রণালয়, শিক্ষা বোর্ড ও কমিশনারের কার্যালয় ছাড়াও সকল দূতাবাস ও হাইকমিশনারকে (ইসরায়েলি ছাড়া) অন্তর্ভুক্ত করা হয়েছে। ইতিপূর্বে ৯ জুন প্রদত্ত বিজ্ঞপ্তিতে শিক্ষা মন্ত্রণালয় দরপত্র জমাদানের জন্য সময়সীমা দিয়েছিল মাত্র ১৬ দিন এবং জমাদানের স্থান হিসেবে দূতাবাস ও হাইকমিশনকে পুরোপুরি এখতিয়ারের বাইরে রেখেছিল যা ছিল বাংলাদেশ সরকার প্রণীত আন্তর্জাতিক দরপত্রের নিয়মনীতির লঙ্ঘন। গতকাল প্রদত্ত বিজ্ঞাপনে দরপত্র জমাদানে শেষ সময় ২২ জুলাই নির্দিষ্ট করেছে।

৯ জুন দরপত্র আহ্বানের পর পুনরায় গতকাল ২৫ জুন একই বিজ্ঞপ্তির 'সময় বর্ধিতকরণ' বিজ্ঞাপনের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয় একই সঙ্গে আন্তর্জাতিক দরপত্র আহ্বানের নিয়মনীতি লঙ্ঘন করেছে এবং লঙ্ঘিত নিয়মনীতিতে সংশোধন এনে আবার সরকার প্রণীত নিয়মনীতি পালন করেছে।